MAR. 23 2001

তারিখ ............
পৃষ্ঠা ...... কলাম ......

দৈনিক ইত্তেফাক

# মাদারীপুরে দাখিল পরীক্ষায় ১০ বস্তা নকল উদ্ধার

**ইত্তেফাক রিপোর্ট** ॥ গতকাল বৃহস্পতিবার এসএসসি সাধারণ বিজ্ঞান ও সামাজিক বিজ্ঞান এবং মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের অভিযোগে সারাদেশে দুই সহস্রাধিক পরীক্ষার্থী বহিষ্কৃত হইয়াছে। পরীক্ষার্থীকে নকল করিতে সহায়তাদান ও প্রশ্নের উত্তর বলিয়া দেওয়ার সময় রাজশাহী শিক্ষা বোর্ডে ১২ জন এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৭ জনসহ সর্বমোট ১৯ জন শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। মাদারীপুরের একটি কেন্দ্রে

(২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ১০ বস্তা নকল উদ্ধার

(১ম পৃঃ পর)

দাখিল পরীক্ষা চলাকালে ভিজিলেন্স টীমের সদস্যবৃন্দ কেন্দ্রের বিভিন্ন কক্ষ ও বাথরুম হইতে ১০ বস্তা নকল উদ্ধার করে। রাঙ্গামাটিতে লংগদুর একটি কেন্দ্রে ৩৩ জন পরীক্ষার্থী রেজিষ্ট্রেশন কার্ড ছাড়াই পরীক্ষা দিতেছে। গতকালও রাজশাহী শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্রে নকলের মহোৎসব চলিয়াছে।

**মাদারীপুর সংবাদদাতা** ॥ দাখিল পরীক্ষায় আহমদিয়া আলিয়া মাদ্রাসা কেন্দ্র হইতে ১০ বস্তা নকল উদ্ধার করা হয়। পরীক্ষা শুরু হওয়ার পর সহকারী পুলিশ সুপার জাহাঙ্গীর হোসেনের নেতৃত্বে ভিজিলেন্স টিমের সদস্যদের উপস্থিতিতে এই নকল উদ্ধার করা হয়। পরীক্ষার্থীদের নিকট হইতে সম্পূর্ণ বইও উদ্ধার করা হয়। এইদিকে শিবচর মাদ্রাসা কেন্দ্রে বাহির হইতে নকল সরবরাহ না হওয়ায় অধিকাংশ পরীক্ষার্থীকে বিশেষ করিয়া মহিলা পরীক্ষার্থীদের কলম হাতে লইয়া বসিয়া থাকিতে দেখা যায়।

**নীলফামারী সংবাদদাতা** ॥ গতকাল বৃহস্পতিবার (২২শে মার্চ) ৬টি উপজেলার ৬টি এসএসসি ও দাখিল পরীক্ষা কেন্দ্র হইতে নকল করার অভিযোগে ৪২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। ইহার মধ্যে এসএসসি ৩৭ ও দাখিল পরীক্ষার্থী ৫ জন। কিশোরীগঞ্জ দাখিল পরীক্ষা কেন্দ্র হইতে ৩ জন শিক্ষককে বহিষ্কার করা হয়।

**সিলেট অফিস** ॥ গতকাল বৃহস্পতিবার সিলেট বিভাগের বিভিন্ন কেন্দ্রে এসএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৩২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হইয়াছে। ইহার মধ্যে সুনামগঞ্জে ১২, মৌলভীবাজারে ৯, সিলেটে ৭ ও হবিগঞ্জে ৪ জন রহিয়াছে।

**রাঙ্গামাটি সংবাদদাতা** ॥ রাঙ্গামাটি পার্বত্য জেলার লংগদু উপজেলায় ৩৩ জন পরীক্ষার্থী রেজিষ্ট্রেশন কার্ডবিহীন অবস্থায় এসএসসি পরীক্ষা দিতেছে। এই নিয়া লংগদু পরীক্ষা কেন্দ্রে অসন্তোষ দেখা দিয়াছে।

নির্ভরযোগ্য একটি সূত্র গতকাল জানাইয়াছে, ভাসান্যা আদম ইসলামিয়া উচ্চ বিদ্যালয়ের ৩৩ জন পরীক্ষার্থী এইবারের এসএসসি পরীক্ষায় রেজিষ্ট্রেশন কার্ড ছাড়াই অংশ নিয়াছে। ছবি সম্বলিত রেজিষ্ট্রেশন কার্ড জমা দেওয়ার বাধ্যবাধকতা সত্ত্বেও শুধু প্রবেশপত্রের উপর নির্ভর করিয়া ৩৩ জনকে পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হইয়াছে। ইহাতে ভুয়া পরীক্ষার্থীর পরীক্ষা দেওয়ার সযোগ